# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ৬. হোশেয়র ভবিষ্যদ্বাণী যীশুর জন্য?

মথি লেখেছেন যে, হেরোদ থেকে আত্মরক্ষার জন্য যীশুর পরিবার মিসরে গমন করেন। হেরোদের মৃত্যুর পর তাঁরা মিসর থেকে ফিরে আসেন। এভাবে পুরাতন নিয়মের খ্রিষ্ট বিষয়ক ভবিষ্যদ্বাণী বাস্তবায়িত হয়: ‘‘হেরোদের মৃত্যু পর্যন্ত সেখানে থাকলেন। এটা ঘটলো যেন নবীর মধ্য দিয়ে নাজেল হওয়া প্রভুর এই কালাম পূর্ণ হয়, ‘আমি মিসর থেকে আপন পুত্রকে ডেকে আনলাম’।’’ (মথি ২/১৫, মো.-১৩)

বাইবেল সমালোচকরা এটাকে সুস্পষ্ট ভুল বলে গণ্য করেছেন। মথি এখানে হোশেয় পুস্তকের ১১ অধ্যায়ের ১ম শ্লোক উদ্ধৃত করেছেন। এ শ্লোকটা বিভিন্ন ইংরেজি, আরবি, বাংলা বাইবেলে বিভিন্নভাবে লেখা। রিভাইজড স্টান্ডার্ড ভার্শনের পাঠ নিম্নরূপ:

“When Israel was a child, then I loved him, and out of Egypt I called my son. The more I called them the more they went from me. They kept sacrificing to the Ba’als and burning incense to idols.”

‘‘ইস্রায়েলের ছেলেবেলায় আমি তাকে ভালবাসতাম এবং মিসর থেকে আমার পুত্রকে ডেকে এনেছিলাম। কিন্তু আমি তাদেরকে যত ডাকলাম ততই তারা আমার কাছ থেকে দূরে সরে গেল। তারা বাল দেবতার কাছে পশু উৎসর্গ করতে লাগল এবং মূর্তিগুলোর কাছে ধূপ জ্বালাতে লাগল। (হোশেয় ১১/১-২, বাইবেল-২০০০)

এখানে বনি-ইসরাইলদের প্রতি মহান আল্লাহর করুণা ও তাদের অবাধ্যতার কথা বলা হয়েছে। বনি-ইসরাইল জাতিকে আল্লাহ ভালবেসেছিলেন। দয়া করে তাদেরকে মিসর থেকে বের করে এনেছিলেন। তাদেরকে তাঁর পথে চলার জন্য ব্যবস্থা বা শরীয়ত দিয়েছিলেন। কিন্তু তারা তাঁর অবাধ্যতা করে মূতিপূজার পথে ধাবিত হয়। পরবর্তী শ্লোকগুলোতে তাদের এ অবাধ্যতার পরিণতি উল্লেখ করা হয়েছে।

এখানে অত্যন্ত স্পষ্ট যে, ‘আমার পুত্র’ বলতে কোনো ব্যক্তিকে বুঝানো হয়নি। ‘ইসরাইল জাতিকে’ বুঝানো হয়েছে। এটা বাইবেলের সুপরিচিত পরিভাষা। জাতি অর্থে ইসরাইলকে বাইবেলে ‘ঈশ্বরের পুত্র’ এবং ‘ঈশ্বরের প্রথমজাত পুত্র’ বলে উল্লেখ করা হয়েছে। ‘‘আর তুমি ফরৌণকে কহিবে, সদাপ্রভু এই কথা কহেন, ইস্রায়েল আমার পুত্র, আমার প্রথমজাত (Israel is my son, even my firstborn) (যাত্রাপুস্তক ৪/২২)। ঠিক এভাবেই হোশেয়র বক্তব্যেও ইসরাইলকে (my son) আমার পুত্র বলা হয়েছে। পরবর্তী শ্লোকগুলোতে ‘আমার পুত্র’ বুঝাতেই বহুবচন ব্যবহার করা হয়েছে; কারণ আমার পুত্র অর্থ আমার পুত্র বা প্রথম পুত্র ইসরাইল জাতি।

লিভিং বাইবেল (The Living Bible: TLB)-এ শ্লোকটা নিম্নরূপ: “When Israel was a child, I loved him as a son (NET: like a son) and brought him out of Egypt” ‘‘যখন ইস্রায়েল শিশু ছিল তখন আমি তাকে ভালবাসতাম একজন পুত্রের মত এবং তাকে বের করে আনলাম মিসর থেকে।’’ এ পাঠ আরো নিশ্চিত করছে যে, মিসর থেকে ডেকে আনা ছেলেটাই স্বয়ং ইস্রায়েল জাতি, যাকে ঈশ্বর ছেলের মতই বা ছেলে হিসেবে

ভালবাসতেন। বাইবেলের বিভিন্ন ইংরেজি সংস্করণে পরবর্তী শ্লোকগুলোতেও একবচন ব্যবহার করে এ অর্থই নিশ্চিত করা হয়েছে। দা মেসেজ (The Message: MSG) বাইবেলের পাঠ নিম্নরূপ: "When Israel was only a child, I loved him. I called out, 'My son!'—called him out of Egypt. But when others called him, he ran off and left me. He worshiped the popular sex gods, he played at religion with toy gods."

"ইসরাইল যখন কেবল একটা শিশু ছিল আমি তাকে ভালবাসতাম। আমি ডেকে উঠলাম 'আমার ছেলে!', ডাকলাম তাকে মিসর হতে। কিন্তু যখন অন্যরা তাকে ডাকল সে তখন আমার থেকে দূরে সরে গেল এবং আমাকে পরিত্যাগ করল। সে প্রচলিত যৌন দেবতার উপাসনা-উৎসর্গ করল এবং খেলনা মুর্তি দেবতার কাছে ধর্মচর্চা করল।"

এছাড়া এখানে ভবিষ্যতের কিছু বলা হয়নি। অতীতের ঘটনা উল্লেখ করা হয়েছে। একে যীশুর জন্য বা অন্য কারো জন্য ভবিষ্যদ্বাণী হিসেবে গ্রহণ করা পবিত্র পুস্তকের অর্থ পরিবর্তন ছাড়া কিছুই নয়। বর্তমান যুগে কেউ যদি নতুন বা পুরাতন নিয়মের এরূপ কোনো বক্তব্যকে নিজের বা নিজ দলের পক্ষে ভবিষ্যদ্বাণী হিসেবে ব্যবহার করে তবে যে কোনো ইহুদি বা খ্রিষ্টান পণ্ডিত তাকে বিভ্রান্তি বলে গণ্য করবেন।

আরো একটা বিষয় লক্ষণীয়। এখানে বলা হয়েছে যে, মিসর থেকে ডেকে আনা ঈশ্বরের পুত্রটা বাল দেবতার পূজা ও প্রতিমা পূজা করে। এ বিষয়টা যীশুর ক্ষেত্রে বা যীশুর সমসাময়িক ইহুদিদের ক্ষেত্রেও প্রযোজ্য নয়। কারণ যীশুর জন্মের প্রায় সাড়ে পাঁচশত বছর আগে, ব্যাবিলনের বন্দিদশা থেকে মুক্তি পাওয়ার পরে ইহুদিরা প্রতিমা পূজা ও বাল দেবতার পূজা পরিত্যাগ করেন এবং সুন্দরভাবে তাওবা করেন। এর পরে আর কখনোই তারা প্রতিমা পূজা করেননি।

হোশেয় ঈশ্বরের 'আমার পুত্র' (my son) ও 'প্রথম পুত্র' (firstborn) ইসরাইলের মিসর থেকে বের হয়ে আসা ও অন্যান্য 'অতীত' করুণার পাশাপাশি তার অতীত ও বর্তমান অবাধ্যতার কথা বলে তার পরিণতির ভবিষ্যদ্বাণী করেছেন। অতীতে 'ঈশ্বরের পুত্র' ইসাইলের মিসর থেকে এসে প্রতিমাপূজায় লিপ্ত হওয়ার সংবাদকে মথি ভবিষ্যতে 'ঈশ্বরের পুত্র' যীশুর আগমনের খবর হিসেবে উল্লেখ করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14168

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন